**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 28.02.2025** **Desk in Charge : SDG**
**Time : 7.50 PM** **Compiling: P. Banerjee**
**NR : P. Biswakarma**
**DEO : KB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১/ উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় বলেছেন, সনাতন ধর্মেই দেশের ঐতিহ্য ও সংস্কৃতি নিহিত রয়েছে। # কলকাতায় আজ গৌড়ীয় মিশনের এক অনুষ্ঠানে তিনি সনাতন ধর্ম রক্ষায় যুবসমাজকে সচেতন হওয়ার আহ্বান জানান।

২/ দেশের মুখ্য নির্বাচন কমিশনারের নিয়োগের নিরপেক্ষতা নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি প্রশ্ন তোলায়, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী তাঁর কঠোর সমালোচনা করেছেন। # এবিষয়ে মুখ্য নির্বাচন কমিশনারকে চিঠি দিয়েছেন তিনি।

৩/ রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্বের সূচনা হবে আগামী ১০ মার্চ।

৪/ জাতীয় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাংক- নাবার্ড, ২০২৫-২৬ অর্থবর্ষে পশ্চিমবঙ্গের উন্নয়নের জন্য ৩ লক্ষ ৮০ হাজার কোটি টাকা ঋণ দেওয়ার লক্ষ্যমাত্রা নিয়েছে।

৫/ রমণ এফেক্ট' আবিষ্কারের স্মরণে আজ সারা দেশের সঙ্গে পশ্চিমবঙ্গেও জাতীয় বিজ্ঞান দিবস উদ্‌যাপন করা হচ্ছে।

৬/ ওড়িশার কলিঙ্গ স্টেডিয়ামে আজ ISL ফুটবলে মহামেডান স্পোর্টিং, ওড়িশা FC-র মুখোমুখি হয়েছে।

*****************************************************************

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় বলেছেন, সনাতন ধর্মেই দেশের ঐতিহ্য ও সংস্কৃতি নিহিত আছে। তিনি একে রক্ষায় যুবসমাজকে সচেতন হওয়ার আহ্বান জানান।

কলকাতার সায়েন্স সিটিতে আজ গৌড়ীয় মিশনের প্রতিষ্ঠাতা আচার্য শ্রীল ভক্তি সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সার্ধ-শততম আবির্ভাব সমারোহের সমাপ্তি অনুষ্ঠানে যোগ দিয়ে উপরাষ্ট্রপতি বলেন, সনাতন ধর্মের ঐক্যের শক্তিকে আমাদের কাজে লাগাতে হবে। তিনি বলেন, জ্ঞানে-অজ্ঞানে অর্থপ্রাপ্তির লোভে মানুষ অনেকসময় আধ্যাত্মিকতার পথ থেকে সরে আসে। যেকোনো দেশের সবচেয়ে বড় সম্পদ, সেদেশের বিত্ত নয়, সেদেশের সভ্যতা-সংস্কৃতি।

( বাইট- ধানখড় অলংকরণ )

অনুষ্ঠানে শ্রী ধানখড় শ্রীল প্রভুপাদ-কে বিংশ শতাব্দীর যুগপুরুষ হিসেবে উল্লেখ করে বলেন, পশ্চিমের দেশগুলিতে ভারতীয় আধ্যাত্মিক চিন্তাধারাকে জনপ্রিয় করে তুলতে প্রভুপাদের বিশেষ অবদান ছিল।

উল্লেখ্য, একদিনের সফরে আজ সকালে উপরাষ্ট্রপতি পানাগড় বায়ুসেনাঘাঁটিতে এসে পৌঁছলে, সেখানে তাঁকে স্বাগত জানান রাজ্যপাল সি ভি আনন্দ বোস, রাজ্যের মুখ্যসচিব ডক্টর মনোজ পন্থ সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।

শ্রী ধানখড় প্রথমেই বীরভূমের তারাপীঠ মন্দিরে সস্ত্রীক পুজো দেন। কলকাতার অনুষ্ঠানে ‘এক পেড় মা কে নাম’ কর্মসূচীর অধীনে বৃক্ষরোপণ’ও করেন তিনি। অনুষ্ঠান শেষে তিনি দিল্লি ফিরে যান।

*********************

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নিয়োগের নিরপেক্ষতা নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি প্রশ্ন তোলায় রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী তাঁর কঠোর সমালোচনা করেছেন। তিনি আজ নির্বাচন কমিশনকে এবিষয়ে একটি চিঠি দিয়েছেন। শুভেন্দু বলেন, এধরনের মন্তব্য মুখ্যমন্ত্রীর এক্তিয়ার বহির্ভূত। তাঁর অভিযোগ, রাজ্যের সমস্ত সাংবিধানিক সংস্থাকে নিষ্ক্রীয় করে এখন মুখ্যমন্ত্রী নির্বাচন কমিশনারের নিয়োগ বিষয়ে প্রশ্ন তুলছেন। মুখ্যমন্ত্রী তাঁর দলীয় কর্মীদের যেভাবে ভোটার তালিকা যাচাই করার কথা বলেছেন তার প্রেক্ষিতে তিনি বলেন, কোনো রাজনৈতিক দলেরই এব্যাপারে হস্তক্ষেপ করার অধিকার নেই। পরে শ্রী অধিকারীর নেতৃত্বে বিজেপির এক প্রতিনিধি

দল, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে ডেপুটেশন দেয়। সাংবাদিকদের শুভেন্দু বলেন, কোনোভাবেই যাতে হিন্দিভাষী বা মতুয়া সম্প্রদায়ের মানুষের নাম ভোটার তালিকা থেকে কেটে দেওয়া না হয়, এবিষয়ে তিনি কমিশনের কাছে দাবী জানিয়েছেন। পশ্চিমবঙ্গে যাতে নির্বাচনী পরিচয়পত্রের সঙ্গে আধার সংযুক্ত করে নির্বাচন করা হয়, সে বিষয়েও তাঁরা কমিশনের কাছে দাবী তুলেছেন।

( বাইট- শুভেন্দু )

এদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ বলেছেন, বিজেপির অভিযোগ ভিত্তিহীন।

( বাইট- কুণাল )

অন্যদিকে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেন, দোষারোপ, পালটা দপষারোপ না করে বৈধ ভোটাররা যাতে ভোট দেবার অধিকার পান, তা’ দেখা উচিত।

( বাইট- অধীর )

********************

শিলিগুড়ির মাটিগাড়ার কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার ২০২৫-এর বাজেট নিয়ে আজ এক আলোচনায় যোগ দেন। তিনি কেন্দ্রীয় বাজেটের প্রশংসা করেন। রাজ্য সরকারের সমালোচনা করে তিনি বলেন, এরাজ্যে মহিলাদের ওপর অপমান ও অত্যাচার ঘটনা ঘটছে। তাঁর অভিযোগ, মুখ্যমন্ত্রী হিন্দি ভাষী হিন্দুদের নাম ভোটার লিস্ট থেকে কাটার চেষ্টা করছেন। মন্ত্রী বলেন, NRC বলবত করার কোনো সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার নেয়নি।

********************

দ্রুত নিয়োগের দাবিতে ২০১৬ সালের SLST শারীরশিক্ষা ও কর্মশিক্ষার চাকরিপ্রার্থীরা আজ ধর্মতলায় বিক্ষোভ দেখান। বিকেলে তাঁদের 'হাইকোর্ট-চলো' অভিযানে সামিল হয়ে ধর্নায় বসেন তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ। তাঁর অভিযোগ, ১২৮০ জন চাকরি প্রার্থীদের এই প্যানেল পুরোপুরি বৈধ। অথচ অহেতুক মামলায় জড়িয়ে এই প্রার্থীদের নিয়োগ আটকে রাখা হয়েছে। এজন্য তিনি সিপিআইএম নেতা, আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্যকেও দায়ী করেন। এই মামলায় তিনি প্রধান বিচারপতির হস্তক্ষেপের দাবি জানিয়েছেন। শিয়ালদায় জমায়েত হয়ে এদিন

চাকরিপ্রার্থীদের মিছিল ধর্মতলায় আসে। সেখান থেকে হাইকোর্টের দিকে অগ্রসর হলে রানি রাসমনী অ্যাভিনিউ-এ পুলিশ তাঁদের পথ আটকায়। এরপরই সেখানে বিক্ষোভ অবস্থান শুরু করেন তারা।

এদিকে, দক্ষিণ ২৪ পরগনার ২০০৯-এর প্রাথমিক চাকরিপ্রার্থীদের একাংশ নিয়োগের দাবিতে আজ ফের পথে নেমে বিক্ষোভ দেখান। ডায়মন্ড হারবারে প্রাথমিক শিক্ষা সংসদের দপ্তরের বাইরে অবস্থান বিক্ষোভে বসেন কয়েক'শ চাকরিপ্রার্থী। তাঁদের অভিযোগ, দীর্ঘ বঞ্চনার পর গত বছর এই প্যানেলে নিয়োগ করা হলেও সেই তালিকা ভুলে ভরা ছিল। এবিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের আহ্বান জানিয়ে ডেপুটেশন জমা দেন তারা।

উল্লেখ্য, সুপ্রিম কোর্টে দায়ের হওয়া এই সংক্রান্ত মামলার শুনানি রয়েছে আগামী ৭ মার্চ।

********************

রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্বের সূচনা হবে আগামী ১০ মার্চ। এই পর্বে রাজ্য সরকারের বিভিন্ন দফতরের বাজেট বরাদ্দ নিয়ে বিধানসভায় আলোচনা হবে। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, আপাতত সরকারের ছ'টি দফতরের বাজেট বরাদ্দ নিয়ে অধিবেশনে আলোচনা চলবে বলে স্থির হয়েছে।

৭ই মার্চ বিধানসভার কার্য উপদেষ্টা কমিটির বৈঠক বসবে। সেখানে এই অধিবেশনের সূচি চূড়ান্ত করা হবে। তবে স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক দপ্তরের বাজেট বরাদ্দ নিয়ে এই অধিবেশনে আলোচনা হবে কিনা সে ব্যাপারে এখনো কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি।

এদিকে, উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় বিধানসভায় বক্তব্য রাখার আগ্রহ প্রকাশ করার প্রেক্ষিতে অধ্যক্ষ জানিয়েছেন, বাজেট অধিবেশন শেষ হলেই তিনি বিষয়টি নিয়ে উপরাষ্ট্রপতির দফতরের সঙ্গে যোগাযাগ করবেন।

********************

জাতীয় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাংক নাবার্ড - ২০২৫-২৬ অর্থবছরে পশ্চিমবঙ্গের বিভিন্ন ক্ষেত্রে উন্নয়নের জন্য ৩ লক্ষ ৮০ হাজার কোটি টাকা ঋণ দেওয়ার লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। যা চলতি আর্থিক বছরের তুলনায় ২০.৬৩ শতাংশ বেশি।

কলকাতায় আজ ঋণ বিষয়ক এক আলোচনাচক্রে  নাবার্ডের মুখ্য জেনারেল ম্যানেজার-CGM, পি. কে. ভরদ্বাজ এই ঘোষণা করেন। তিনি জানান, সম্ভাব্য ঋণ লক্ষ্যমাত্রার মধ্যে কৃষি, কৃষি-পরিকাঠামো ও এ'সংক্রান্ত কাজকর্মের জন্য ৩৩.৪২ শতাংশ অর্থাৎ ১ লক্ষ ২৭ হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

*******************

রাজ্যে এবার রেকর্ড ৭ লক্ষ টন পেঁয়াজ উৎপাদন হয়েছে। পেঁয়াজ সংরক্ষণে এই প্রথম বিভিন্ন জেলায় সরকারি উদ্যোগে সংরক্ষণ কেন্দ্র গড়ে তোলা হচ্ছে।

পূর্ব বর্ধমানের পূর্বস্থলী ও কালনা, হুগলির বলাগড় ও আদিসপ্তগ্রাম, মুর্শিদাবাদের নওয়াদা ও সাগরদিঘি, নদীয়ার হাঁসখালি এবং মালদার গাজোলে  ৪০ টন ধারণ ক্ষমতা সম্পন্ন  ৮টি বড় সংরক্ষণাগার নির্মাণের কাজ শেষ পর্যায়ে রয়েছে বলে কৃষি বিপণন দফতর সূত্রে খবর। এছাড়া আরো  ন'টি জেলায় ৯১৭টি ছোট পেঁয়াজ সংরক্ষণাগার তৈরির কাজ চলছে।

*******************

আজ জাতীয় বিজ্ঞান দিবস। ১৯২৮ সালের ২৮-শে ফেব্রুয়ারী বিশিষ্ট বিজ্ঞানী CV রমনের পদার্থ বিদ্যায় রমন এফেক্ট আবিস্কারের স্মরণে প্রতি বছর এই দিনটি বিজ্ঞান দিবস হিসেবে পালিত হয়ে থাকে। এই উপলক্ষ্যে বিড়লা কারিগরি ও শিল্প সংগ্রহশালায় সারাদিনব্যাপী নানা কর্মসূচির আয়োজন করা হয়।

একটি প্রতিবেদন-      (ভিসি- অভিজিৎ)

*******************

নাট্যাচার্য গিরিশচন্দ্র ঘোষের ১৮১-তম জন্মবার্ষিকী উপলক্ষে আজ উত্তর কলকাতার  বাগবাজারে তাঁর বাসভবনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। তাঁর মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান রাজ্যের মন্ত্রী শশী পাঁজা, স্থানীয় পুরপ্রতিনিধি বাপী ঘোষ সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ।

*******************

মালদা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা না করে রোগীকে বেসরকারি হাসপাতালে টাকার বিনিময়ে ভর্তির চাপ দেওয়া এবং চিকিৎসার গাফিলতিতে রোগী মৃত্যুর অভিযোগ ঘিরে আজ উত্তেজনা দেখা দেয়। হবিবপুরের বাসিন্দা অসুস্থ চঞ্চলা মুর্মুকে মালদা মেডিক্যাল কলেজ হাসপাতালের এক চিকিৎসক ৩০ হাজার টাকার বিনিময়ে বেসরকারি হাসপাতালে ভর্তি হতে বলেন বলে অভিযোগ। টাকা দিতে না পারায় ওই হাসপাতালেই ভর্তি করা হয় তাঁকে। পরিবারের অভিযোগ, চিকিৎসা না করে তাঁকে ফেলে রাখা হয়েছিল। ইংরেজ বাজার থানায় অভিযোগ দায়ের করে চঞ্চলা মুর্মু নামে মৃতার পরিবার।

*********************

ওড়িশার কলিঙ্গ স্টেডিয়ামে আজ ISL ফুটবলে মহামেডান স্পোর্টিং, ওড়িশা FC-র মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে খেলা এখনো গোলশূণ্য।

মহামেডান স্পোর্টিং ২১ ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার সর্বশেষ ১৩ নম্বর স্থানে আছে। সপ্তম স্থানে থাকা ওড়িশা এফ সি, র ২২ ম্যাচে পয়েন্ট ২৯ ।

*********************

পশ্চিম বর্ধমানের পানাগড়ে রবিবার গভীর রাতে গাড়ি উল্টে চন্দননগরের তরুণীর মৃত্যুর ঘটনায় ধৃত গাড়ির চালক ও মালিক ব্যবসায়ী বাবলু যাদবকে আজ দুর্গাপুর আদালতে তোলা হলে তাকে দু'দিনের পুলিশী হেফাজতে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে।

**************************************************************************